দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JUN 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

# শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি সম্পর্কে

বর্তমানে সাত হাজারের মতো শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির অপেক্ষায় রয়েছে। এ প্রতিষ্ঠানগুলোকে ঢালাওভাবে ভুঁইফোড় না বলে খোঁজ নিয়ে দেখুন—উপযুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা কত? দেশে এমন অনেক প্রতিষ্ঠান রয়েছে যেখানে শিক্ষার্থী সংখ্যা পাঁচ শতাধিক। অথচ এক/দেড় যুগেও এমপিওভুক্ত হয়নি। ঐ সমস্ত প্রতিষ্ঠান এমপিওভুক্ত না হওয়ায় বছরের পর বছর ধরে পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছেন অর্ধ লাখ শিক্ষক। তাদের দুঃখ-দুর্দশাগ্রস্ত জীবন ও আর্থিক অনিরাপত্তার ব্যাপারে কি কখনো খোঁজ নিয়েছেন? যন্ত্রণা যাদের দগ্ধ করে চলেছে, হতাশা যাদের সিন্দাবাদের ভূতের মতো ঘাড়ে চেপে বসেছে—তাদের জন্য কি কিছুই করার নেই? কবিতার ভাষাতেই বলি—জনসমুদ্র অবিরাম ঢেউ ভাঙে/ অসভ্যজন শিল্পী সভ্যতার/স্রোত নেই কোনো মানবিকতার গাঙে/প্রশ্ন আছে জবাব মেলে না তার...।

**আলাউল হোসেন**, কাশীনাথপুর, পাবনা